দৈনিক আমাদের সময়

তারিখ 2 5 MAY 2017 পৃষ্ঠা 2 কলাম 6

শিক্ষার্থীদের প্রতি আনিসুল হক

# ভালো করতে না পারলেও ক্ষতি করো না

নিজস্ব প্রতিবেদক ● শিক্ষার্থীদের প্রতি উপদেশ প্রদানকালে সাংবাদিক ও লেখক আনিসুল হক বলেছেন, কখনো কারো ভালো করতে না পারলেও ক্ষতি করো না। গতকাল রাজধানীর ইস্কাটনে ইস্পাহানী বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি আরও বলেন, জীবনে ভালো ফল দরকার। কিন্তু এর চেয়েও বেশি দরকার ভালো মানুষ হওয়া।

অনুষ্ঠানে মেধাস্থান, নিয়মিত উপস্থিতি, সহশিক্ষা কার্যক্রম ও সদাচরণ– এসব বিষয়ের ওপর কৃতী শিক্ষার্থীদের পুরস্কৃত করা হয়। বিদ্যাপীঠটির অধ্যক্ষ ড. মারুফী খান বলেন, ছাত্রীদের লেখাপড়ায় যেমন চৌকস হতে হবে, সহশিক্ষা কার্যক্রমেও তেমনই গুণী হতে হবে। তবে পরীক্ষায় প্রথম-দ্বিতীয় হওয়ার চেয়ে একজন সহমর্মী ও সহপাঠী হওয়ার প্রয়োজনীয়তা অনেক বেশি। আলোচনাসভা, পুরস্কার বিতরণ ও মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা– এই তিন পর্বে পুরো অনুষ্ঠান সাজানো হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর